

রেজিস্টার্ড নং এস. ১০৩৩
এল- ৭৬৪৬

পাকিস্তান গেজেট



অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

করাচী, শুক্রবার, জানুয়ারি ২২, ১৯৬৫

পাকিস্তান সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
প্রজ্ঞাপন
রাওয়ালপিণ্ডি, ২২ শে জানুয়ারি, ১৯৬৫

নং-৯২/৩১/জি/ডি-৫/৬৪/৬৫।- ক্যান্টনমেন্টস আইন, ১৯২৪ (১৯২৪ এর ২),
এর ধারা ১১১ এবং ধারা ২৮০ এর উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতা বলে নিম্নরূপ অধিকতর
প্রস্তাবিত সংশোধনী সমূহের খসড়া বর্ণিত আইনের ধারা ২৮০ এর উপ-ধারা (১) এর
আবশ্যকতায় সকল ব্যক্তিবর্গের অবগতির জন্য প্রকাশিত হইল, যাহারা ইহা দ্বারা প্রভাবিত
হইতে পারেন এবং এতদ্বারা এই নোটিশ দেওয়া গেল যে, বর্ণিত খসড়া ২৪ ফেব্রুয়ারি,
১৯৬৫ ক্ষা উহার পর হইতে বিবেচনায় আনা হইবে।

বর্ণিত খসড়া সম্পর্কে কোন ব্যক্তির নিকট হইতে নির্ধারিত তারিখের পূর্বে প্রাপ্ত
কোন আপত্তি বা সুপারিশ কেন্দ্রীয় সরকার কর্তৃক বিবেচিত হইবে।

খসড়া সংশোধনীসমূহ

পূর্বে বর্ণিত কোড এ,

(১) ধারা ৬৯ এ-

(ক) উপ-বিধি (৩) এর প্যারাগ্রাফ (৩) এ, নিম্নরূপ প্যারাগ্রাফ
সংযুক্ত হইবে, যথা :

“(৪) ছাত্রদের ফান্ডস একজিকিউটিভ অফিসার
কর্তৃক তদারকী ও সমীক্ষা করা হইবে এবং
ক্যান্টনমেন্ট ফান্ডের হিসাব সমূহের সঙ্গে উহার
নিরীক্ষা পরিচালনা করা হইবে।” এবং

(খ) উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি সংযুক্ত হইবে, যথা:-

“(৪) ছাত্রদের ফান্ডস শিক্ষা বিভাগ কর্তৃক
সময়ে সময়ে নির্ধারিত হারে আদায় করা হইবে

এবং এ বিভাগ কর্তৃক নির্ধারিত উদ্দেশ্যে এবং এইরূপ অন্য উদ্দেশ্যে ব্যয় করা হইবে, যাহার জন্য বিশেষভাবে বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদান করা হয়।

(৫) ছাত্রদের ফান্ডস এর প্রশাসন বিষয়ে প্রধান শিক্ষককে পরামর্শ প্রদানের জন্য একটি প্রতিনিবিত্তমূলক কমিটি গঠন করা হইবে এবং উহা এইরূপ সংখ্যার শিক্ষক ও ছাত্রদের দ্বারা গঠিত হইবে, যাহা প্রত্যেক ক্ষেত্রে চার এর অধিক হইবে না, যাহা “বাস্তুরিকভাবে একজিকিউটিভ অফিসার দ্বারা মনোনীত হইবে” এবং

(২) বিধি ১০২ক এর পর নিম্নরূপ বিধি সম্বিবেশিত হইবে, যথা :-

“১০২খ।- যদি কোন নির্দিষ্ট ক্ষেত্রে, সরকারের এইরূপ বিশ্বাস করার কারণ থাকে যে, এই কোডের অধীনে গৃহীত কোন কার্যক্রম, বা জারি করা কোন আদেশ বা পরিশোধিত কোন অর্থ, এই কোড এর বিধানসমূহ অমান্য করার কারণে ক্যান্টনমেন্ট বোর্ডের স্বার্থের পরিপন্থী, সেই ক্ষেত্রে সরকার নিজ উদ্যোগে নির্দেশ দিতে পারে যে, এই রূপ কার্যক্রম বা আদেশ, ক্ষেত্র বিশেষে যেইরূপ হয়, এইরূপ পরিবর্তন করা হইবে বা যেই অর্থ পরিশোধ করা হইয়াছে, উহা আদায় করা এবং ক্যান্টনমেন্ট ফাল্ডে জমা করা হউক।”

[৯২/৩১/জি/ডি-৫/৬৪]

জেড, কে, মাহমুদ,

পরিচালক, মিলিং ল্যান্ডস এন্ড ক্যান্টনমেন্টস,
পদাধিকার বলে উপ-সচিব, পাকিস্তান সরকার।